গাংনী আসনের স্বতন্ত্র প্রার্থী মকবুল হোসেনের পথসভা

জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মেহেরপুরের গাংনী উপজেলার পাকুড়িয়া গ্রামে নির্বাচনী পথসভা করেছেন স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন। গতকাল বুধবার রাতে এ পথসভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ধানখোলা (খ ইউনিয়ন) আওয়ামী লীগের সভাপতি আলাহামদু।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর -২ (গাংনী) আসনের স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি সরকারের বিভিন্ন উন্নয়ন তুলে ধরে। সেই সাথে এলাকার উন্নয়নকে ত্বরান্বিত করতে ট্রাক প্রতীকে ভোট দেয়ার আহবান জানান।

পাকুড়িয়া ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আশরাফুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠিত পথসভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা আওয়ামীলীগের উপদেষ্টা ইয়াসিন রেজা, মেহেরপুর জেলা আওয়ামী কৃষি বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম শাহ, জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন, প্রভাষক সালাহউদ্দিন, জেলা ছাত্র লীগের সাবেক সহ-সভাপতি সাইফুজ্জামান শিপু, গাংনী উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশ, শ্রমিক লীগের সভাপতি কমরেড আব্দুস সাত্তার, ধানখোলা ইউনিয়ন পরিষদের ৩ নং ওয়ার্ডের সদস্য আনোয়ার হোসেন, সৈনিক লীগের নেতা জাহাঙ্গীর আলম টিটু, স্থানীয় আওয়ামীলীগ নেতা দ্বীন ইসলাম, ধানখোলা ইউনিয়ন কৃষকলীগের সাধারণ সম্পাদক সেলিম রেজা, কৃষকলীগের স্থানীয় নেতা শুকুর আলী, আওয়ামীলীগ নেতা বরকত আলী, ৫ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মো: খোকন আলী, ধানখোলা ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মিজানুর রহমান মিজান, হাজি মো: নুরুল ইসলাম, (ধানখোলা-খ) ইউনিয়ন কৃষক লীগের সভাপতি শরিফুল ইসলাম, উপজেলা কৃষকলীগের সহ-সভাপতি হারুন রশীদ, আওয়ামী লীগের স্থানীয় নেতা কাবরান আলী প্রমুখ।

পথসভার আলোচনায় বক্তারা বলেন, বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন

শেখ হাসিনার একজন পরিক্ষিত নেতা। গাংনীর প্রতিটি গ্রামের স্পন্দন বোঝেন। প্রতিটি মানুষের দুঃখ বোঝেন,প্রতিটি মানুষের অনুযোগ শোনেন। তাই এবারের নির্বাচনে ট্রাক মার্কায় গণজোয়ার উঠেছে। এই গণজোয়ার দেখে অনেকেই টেবিল সিল মারার অপেক্ষা করছেন। যারা টেবিল সিলের অপেক্ষা করছেন তারা সাবধান হয়ে যান। আপনাদের সেই আশা কখনও পুরুন হবেনা। মকবুল হোসেনের সৈনিকেরা তা প্রতিহত করা হবে। তৃতীয় বারের মত মকবুল হোসেন নির্বাচিত হয়ে গাংনীর মানুষের সেবা করবে। এটায় মকবুল হোসেনের শেষ নির্বাচন বলেও জানান বক্তারা। সকারনে সাত তারিখে ট্রাক মার্কায় ভোট প্রার্থনা করে বলেন,পাকুড়িয়া গ্রামের সকল উন্নয়ন মকবুল হোসেনের হাত দিয়ে হয়েছে,এবারও নির্বাচনে জিতে অসমাপিত কাজগুলি সমাপ্ত করে যেতে চাই।

চুয়াডাঙ্গা-২ আসনের স্বতন্ত্র প্রার্থী ঢেঁকি মার্কার নিবার্চনী ইশতেহার ঘোষনা

আগামী ৭ জানুয়ারী দ্বাদশ জাতীয় সংসদ নির্বচনে চুয়াডাঙ্গা-২ আসনের স্বতন্ত্র পদপ্রার্থী ঢেঁকি মার্কার প্রার্থী বীর মুক্তিযোদ্ধা মীর্জা শাহারিয়ার মাহমুদ লন্টুর নিবার্চনী ইশতেহার ঘোষনা করলেন সংবাদ সম্মেলনে।

গতকাল বুধবার সকাল ১১ টার দিকে চুযাডাঙ্গা-২ নির্বাচনী এলাকার দর্শনা বাসস্ট্যান্ডে অবস্থিত ঢেঁকি মার্কার প্রধান অফিসে সংবাদ সম্মেলন অনুষ্টিত হয়।

সংবাদ সম্মেলনে সাংবাদিকদের বলেন নেতা কর্মিদের উপস্হিতিতে স্বতন্ত্র প্রার্থী মির্জা শাহারিয়ার মাহামুদ লন্টু বলেন আমাকে নির্বাচনি এলাকায় স্বাধীনভাবে প্রচার প্রচারণায় ব্যাপক বাধা সৃষ্টি করা হচ্ছে,আমার নেতা কর্মিদেরকে হাত পা ভেঙে দেয়ার হুমকি এবং ভোট কেন্দ্রে না যাওয়ার হুমকি ধামকি দেয়া হচ্ছে বলে সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন।

আগামী ৭ই জানুয়ারি-২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে, ৮০ চুয়াডাঙ্গা-২ আসনের স্বতন্ত্র পদপ্রার্থী বীর মুক্তিযোদ্ধা মীর্জা শাহারিয়ার মাহমুদ লন্টুর নিবার্চনী প্রতিশ্রুতি’তে তিনি বলেন, তিনি চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য পদে নির্বাচিত হলে এলাকার জনগনের কল্যাণে এলাকায় স্থায়ীভাবে শান্তিশৃঙ্খলা প্রতিষ্ঠার করণীয় সমূহ অগ্রাধীকার ভিত্তিতে বাস্তবায়ন করা হবে।

উন্নয়নের সকল সম্ভাবনা পর্যালোচনা করে নির্বাচনী এলাকার জনগনের মতামতের ভিত্তিতে উন্নয়ন পরিকল্পনা তৈরি ও বাস্তবায়ন করা হবে।

কর্মমুখী শিক্ষা বিস্তার এবং কর্মসংস্থানের উপর যথাযথ কার্যক্রম হাতে নেয়া হবে। দুর্নীতি ও মাদক নির্মূলে সর্বোচ্চ গুরত্বারোপ করে কার্যকর ব্যবস্থা নেয়া হবে। বিল, বাওড়, খাল, হাট-বাজার জবরদখল করে সরকারি রাজস্ব আয় ফাঁকি দিয়ে লুটপাটের যে মহাউৎসব চলছে তা বিদ্যমান আইনের কঠোর প্রয়োগের মাধ্যমে দূর করা হবে।

চুয়াডাঙ্গা-২ আসনের জনগনের জীবনযাত্রার মান উন্নয়নে করণীয় কাজগুলো অত্যন্ত গুরুত্ব দিয়ে সম্পাদন করা হবে।

এলাকায় চিকিৎসা ব্যবস্থাকে আরো সুসংগঠিত করার জন্য দামুড়হুদা, দর্শনা, জীবননগরসহ সম্ভাব্য স্থানে আধুনিক হাসপাতাল স্থাপন করা হবে।

নারীর ক্ষমতায়নে সুনিদিষ্ট কার্যক্রম গ্রহণ করা হবে। স্থানীয় কৃষি উৎপাদন বৃদ্ধি ও প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র প্রতিষ্ঠা করে কৃষক ভাইদের উৎপাদিত পণ্যের মূল্য নিশ্চিত করা হবে। কৃষি বাণিজ্যিক করণ করার কার্যক্রম তরান্বিত করার উদ্যোগ গ্রহন করা হবে।

চুয়াডাঙ্গা-২ আসনের জীবননগর, দামুড়হুদা, দর্শনা, তিতুদহ, বেগমপুর, গড়াইটুপি ও নেহালপুর বাংলাদেশের নিবিড় কৃষি অঞ্চল হিসেবে পরিচিত এই বিষয়টি বিবেচনায় এনে কৃষি শিক্ষার উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠান কৃষি বিশ্ববিদ্যালয় গড়ে তোলা হবে। এলাকায় যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে রাস্তা-ঘাটের সংস্কার ও নির্মানকে অগ্রাধিকার দেওয়া হবে। বিদ্যুৎ ব্যবস্থায় বিদ্যমান সমস্যা দুর করে আরো সুসংগঠিত করা হবে।
যুব সমাজের আইটি দক্ষতা বৃদ্ধি করে ঘরে বসে রোজগারের ব্যবস্থাকে গুরুত্ব দিয়ে সুনিদিষ্ট কার্যক্রম গ্রহণ করা হবে। খেলাধুলা সহ

সাংস্কৃতিক কার্যক্রম জোরদার করা হবে। যুবকদের মাদক থেকে দূরে রাখতে ওয়ার্ড ভিত্তিক খেলার মাঠ তৈরী করা হবে। দর্শনা এবং জীবননগরের পূর্ণাঙ্গ স্থলবন্দর প্রতিষ্টার কার্যকর উদ্যোগ নেয়া হবে।

ঐতিহ্যবাহী কেরু এন্ড কোম্পানির সম্পদ ব্যবহারে দুর্নীতি ও অনিয়ম দূর করতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে।

চোরাচালান বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে। চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য ও জনগনের মধ্যে সমন্বয় করে জেলার সার্বিক উন্নয়নে সম্ভাব্য সকল উদ্যোগ গ্রহণ করা হবে। এ সকল প্রতিশ্রুতি বাস্তবায়নে সহয়তা করার জন্য ঢেঁকি মার্কা প্রতীকে আপনার মূল্যবান রায় চেয়ে সকলের কাছে ঢেঁকি মার্কায় ভোট চাইলেন।

এ সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু, জীবননগর উপজেলা আ লীগের সভাপতি নজরুল ইসলাম, বাংলাদেশ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাবেক মহাপরিচালক কৃষিবিদ হামিদুর রহমান, ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক কামাল উদ্দিন আহম্মেদ সান্টুসহ মানবাধিকার কর্মী ও সাংবাদিকসহ নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

অর্থ সম্পদ ও অস্ত্র কারোর থেকে আমি কমা না–বাবলু বিশ্বাস

পিরোজপুর ইউনিয়নের চারটি সেন্টারে আমি যেন দেখতে না পাই কোন এজেন্টে আছে ওই চাপা দেওয়া প্রতীকের। ৭ তারিখে সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্জন্ত ভোট হবে শুধু নৌকার আর নৌকার।

গত সোমবার ১ জানুয়ারি রাত ৯টায় মেহেরপুর-১ আসনের নৌকার প্রার্থী ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের ভগ্নিপতি ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি বাবলু বিশ্বাস সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নে একটি নির্বাচনী জনসভায় একথা বলেছেন। তিনি

পিরোজপুর ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান।

এই ভিডিওটি সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়লে জেলা জুড়ে ব্যাপক প্রতিক্রিয়া তৈরি হয়েছে।

ভাইরাল হওয়া ভিডিওটিতে দেখা গেছে বাবলু বিশ্বাস আরো বলেন, যতক্ষন পর্যন্ত ওই বাউন্ডারির ভিতরে লোক থাকবে ততক্ষণ পর্যন্ত ভোট পোল করা হবে। যখন দেখবোআর শেষ না হলে কুড়ি নি গি ওই বাউন্ডারির ঢুকাইয়া দিয়ে ভোট পোল করে নেব। আমার কথা পিরোজপুর চারটি সেন্টারে আমি যেন দেখতে না পাই কোন এজেন্ট আছে ওই চাপা দেওয়া (ট্রাক) প্রতীকের। তারা কিসের ভয় দেখায় আমি তো বুঝতে পারিনা । আমার চেয়ে মস্তান বেশি আছে কেও? আমার চেয়ে যন্ত্রপাতি কারো বেশি আছে? আমার চেয়ে কি টাকা তাদের বেশি আছে? তাহলে ভয় কিসের দেখায়। যারা আমার কাছে কাজ করে খেতো কদিন আগে, তারা ভয় দেখায় কিসের। জমি তিন বিঘা কেড়ে নেবো। জমি তিন বিঘা কেইড়ি নেবো। কেইড়ি নিলি পারে ভয় দেখানো বুঝি যাবে। সেই কাজটি কইরবোই এইবার। আপনারা নৌকা মার্কা প্রতীকে ফরহাদ হোসেনকে ভোট দেবেন। জননের্তীকে ভোট দেবেন। এখন তো প্রধানমন্ত্রী শেখ হাসিনা জননের্তী। আমাদের কোন স্বতন্ত্র প্রার্থী সেখানে যাবে না কোনদিন। তার ডানদিকে বা বামদিকে বসে থাকবেনা। আমাদের এমপি নেত্রীর সাথে বসে থাকবে এবং এইবারো এই দেশের মিনিষ্টার হবে। আপনারা ঠান্ডার মধ্যে বসে আছেন। যে কাজ করার দরকার তা আমি সময়মত করবো।

এই আসনের ট্রাক প্রতীকের স্বতন্ত্র প্রার্থী সাবেক সংসদ সদস্য অধ্যাপক আব্দুল মান্নান সুষ্ঠু ভোট নিয়ে সংশয় প্রকাশ করে বলেন, এভাবে জনসভায় যদি প্রার্থীদের এজেন্ট প্রবেশ করতে না দেওয়া হুমকি দেয়া হয়, তাহলে সাধারণ ভোটারদের মনে সঙ্কা তৈরি হবে। ভোট দিতে অনাগ্রহ দেখাবে। জননের্তী শেখ হাসিনা একটি অবাধ সুষ্ঠু নির্বাচন করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। বিশেষ করে নৌকার নেতা কর্মীরা প্রকাশে এভাবে বক্তব্য দেওয়ার কারণে নির্বাচন প্রশ্নবিদ্ধ হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

চুয়াডাঙ্গা ও আলমডাঙ্গায় গনসংযোগ ও উঠান বৈঠকে রাজ্জাক খান

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের স্বতন্ত্র প্রার্থী আলহাজ্ব এম.এ রাজ্জাক খান রাজ সিআইপি গণসংযোগ পথসভা মতবিনিময় সভা উঠান বৈঠক অব্যহত রয়েছে।

গতকাল বুধবার সকালে আলমডাঙ্গার খাদিমপুরে ইউনিয়নের ১নং ওয়ার্ড ২নং ওয়ার্ড গণসংযোগ ও পথসভা উঠান বৈঠক মতবিনিময় সভা করেন।

এ সময় উঠান বৈঠক গণজোয়ার সৃষ্টি হয় ফ্রিজ প্রতীকের প্রার্থী আলহাজ্ব এম.এ রাজ্জাক খান বলেন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা ১ আসনের জনগনের ভাগ্যোর পরিবর্তন ও জেলাকে বেকারত্ব মুক্ত দারিদ্র্যমুক্ত অশিক্ষার অন্ধকারমুক্ত জেলা গড়তে ফ্রিজ প্রতীকে ভোট দিন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন হবে সুষ্ঠ ও সুন্দর পরিবেশে তাই আপনারা সবাই ভোটকেন্দ্রে যাবেন এবং ভোট দিবেন নির্ভয়ে।

পরে আলমডাঙ্গার বিভিন্ন স্থানে গণসংযোগ শেষে বিকেলে আলমডাঙ্গা নির্বাচনী অফিসে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক আহ্বায়ক ও সাবেক পৌর মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপু, এ সময় তিনি বলেন চুয়াডাঙ্গার একমাত্র যোগ্য প্রার্থী আলহাজ্ব এম.এ রাজ্জাক খান রাজ সততা, নিষ্ঠা, ধর্মভিরু বিনয়ী স্বভাবের মানুষ তাকে ভোট দিলে চুয়াডাঙ্গাবাসী কেউ আর অবহেলিত থাকবে না, তাই ৭ তারিখে ফ্রিজ মার্কায় ভোট দিয়ে উন্নয়নের অগ্রযাত্রা ত্বারান্নিত করুন।

এ সময় চুয়াডাঙ্গা-১ আসনের স্বতন্ত্র প্রার্থী আলহাজ্ব এম.এ রাজ্জাক খান রাজ সিআইপি দেশপ্রেমিক ভোটারদের উদ্দেশ্য বলেন, চুয়াডাঙ্গা-১ আসনের সুখে দুঃখে সাথী হয়ে আমি আপনাদের সাথে আগামী দিনের রাজনৈতি করতে চাই যে রাজনীতি হবে দুঃখী ও মেহনতি মানুষের জন্য অন্ন বস্ত্র বাসস্থান ও শিক্ষার সমতা ভিত্তিক ন্যায্যতা আদায়ের অধিকার। আমি চেষ্টা করবো অধিকারহীন এই জনপদের মানুষের কল্যাণ কর ভূমিকা রাখার জন্য আল্লাহর রহমতে ও আপনাদের দোয়া আর্শিবাদে আমার এই সং ইচ্ছা পূরণ হবে ইনশাআল্লাহ। পরে

মুন্সীগঞ্জ, রংপুর,হারদী ,চিংলারুইথনপুরসহ চুয়াডাঙ্গা ও আলমডাঙ্গার বিভিন্ন স্থানে গণসংযোগ ও পথসভা উঠান বৈঠক মতবিনিময় সভা করেন। এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক আহ্বায়ক ও সাবেক পৌর মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপু, চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি সৈয়দ ফরিদ আহমেদ, সাধারণ সম্পাদক হাফিজুর রহমান, চুয়াডাঙ্গা সদর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক মাফিজুর রহমান মাফি, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জানিফ, আলমডাঙ্গা উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, জেলা পরিষদ সদস্য মজনুর রহমান জান্টু, বাড়াদী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মনিরুজ্জামান মনি, নুরুল ইসলাম, শামিম আহমেদ, টিটু আহমেদ, শাকিল আহমেদ, কামরুজ্জামান, অন্তর, আরিফ, দেলোয়ার, হাসিবুল, সহিদুল ও সাইদুরসহ আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এবার ট্রাকে উঠলেন সাবেক কেন্দ্রীয় ছাত্রলীগ নেতা এম আর মুকুল

নতুন করে ট্রাকে উঠলেন কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক উপসম্পাদক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইইআর শাখার ছাত্রলীগের সভাপতি এম আর মুকুল। আজ রাতে মুজিবনগর উপজেলার পুরন্দপুর গ্রামে স্বতন্ত্র প্রার্থী ট্রাকের পথসভায় অংশগ্রহণের মধ্যে দিয়ে তিনি স্বতন্ত্র প্রার্থীর পক্ষে নির্বাচনী প্রচারণায় অংশ নিলেন।

পথসভায় উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নান।

অন্যদের মধ্যে বক্তব্য দেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, জিয়া উদ্দিন বিশ্বাস, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক,

মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক মোখলেসুর রহমান খোকন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানব বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় উপ সম্পাদক ও ঢাকা বিশ^বিদ্যালয়ের আইইআর শাখা ছাত্রলীগের সভাপতি এম আর মকুল, মেহেরপুর সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান আব্দুল মালেক মোল্লা, বঙ্গবন্ধু সৈনিকলীগের কেন্দ্রীয় কমিটির সম্পাদক মন্ডলীর সদস্য এ্যাড. আমজাদ আলী, জাতীয় শ্রমিকলীগ মেহেরপুর জেলা শাখার সাধারন সম্পাদক মুস্তাফিজুর রহমান বাবুল, মেহেরপুর জেলা তাঁতীলিগের সভাপতি সুবাদ আলী, সদর থানা যুবলীগের যুগ্ন আহবায়ক সাজেদুর রহমান সাজু, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সম্পাদক জুয়েল রানা, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সেক্রেটারি রেজাউল ইসলাম রেজা, মেহেরপুর জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক লাভলী ইয়াসমিন, মেহেরপুর মহিলা পৌর আওয়ামী লীগের সভাপতি রেহেনা মান্নান, সপুরা খাতুন সহ আওয়ামী লীগ, মহিলা আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।
এছাড়া আজ সদরে বিভিন্ন স্থানে ট্রাক প্রতীকের পথসভা অনুষ্ঠিত হয়।

আলমডাঙ্গার আইলহাস ইউনিয়নে দিলীপ কুমার আগরওয়ালার ঈগল মার্কার পথসভা

আমার উপর বিশ্বাস আর আস্থা রাখেন চুয়াডাঙ্গা ও আলমডাঙ্গায় উন্নয়নের জোয়ার বয়ে দেবো। আমাকে এমপি হিসেবে নির্বাচিত করুন, আমি আপনাদের বিশ্বাস অক্ষুন্ন রাখব। আপনাদের সাথে নিয়ে উন্নয়নের কাজ করে, সেই বিশ্বাসের প্রমান দেব। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের চুয়াডাঙ্গা-১ আসনের ঈগল মার্কার প্রার্থী ও বাংলাদেশ আওয়ামী

লীগের কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য বিষয়ক উপকমিটির সদস্য দিলীপ কুমার আগরওয়ালা চুয়াডাঙ্গা-১ আসনের বিভিন্ন অঞ্চলে গণসংযোগ, পথসভা ও নির্বাচনী অফিসে নেতাকর্মীদের সাথে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন।

আজ মঙ্গলবার বিকেল থেকে রাত পর্যন্ত আলমডাঙ্গা উপজেলার আইলহাস ইউনিয়নের বলেশ্বরপুর, বুড়োপাড়া, বাগুন্দি, আইলহাস, শিশিরদাড়ি, পাইকপাড়া, ঘোলদাড়ী ও হোসেনপুর গ্রামে গণসংযোগ ও পথসভা করেন।

গণসংযোগকালে বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য বিষয়ক সদস্য দিলীপ কুমার আগরওয়ালা আরো বলেন, আমি আপনাদের এলাকার সন্তান। তাই আপনাদের মাঝে এসেছি। ভবিষ্যতে আপনাদের সাথেই থাকব। এটাই আমার অঙ্গিকার। এই অঞ্চলের মানুষের উন্নয়ন করতে চাই। তার জন্য আপনাদের অকুণ্ঠ সমর্থন ও সহযোগিতা কামনা করছি।

তিনি আরো বলেন, বর্তমান সরকার উন্নয়নবান্ধব সরকার। শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, অবকাঠামো, বিদ্যুৎসহ সব ক্ষেত্রে অভূতপূর্ব উন্নয়ন হয়েছে। ডিজিটালের পাশাপাশি উন্নত দেশ গড়তে হলে আমাদেরকে স্মার্ট বাংলাদেশে যেতে হবে। একটি আধুনিক ও উন্নত দেশ গড়তে হলে জননেত্রী শেখ হাসিনা সরকারের বিকল্প নেই।

এসময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক এড. আব্দুল মালেক, সাবেক যুব ও ক্রিড়া বিষয়ক সম্পাদক এড. শফিকুল ইসলাম শফি, শরিফ চৌধুরী, কমল কুমার বিশ্বাস, বজলুল রহমান প্রমুখ।

চুয়াডাঙ্গায় ফ্রিজ প্রতীকের স্বতন্ত্র প্রার্থী রাজ্জাক খানের নির্বাচনী জনসভা

চুয়াডাঙ্গা-১ আসনের স্বতন্ত্র প্রার্থী আলহাজ্ব এম.এ রাজ্জাক খান রাজ সিআইপির ফ্রিজ প্রতীকের নির্বাচনী সমাবেশে অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকালে চুয়াডাঙ্গা শহরের পুরাতন ষ্টেডিয়ামে মাঠে মুক্তিযুদ্ধের সাবেক জেলা কমান্ডার আবু হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের ফ্রিজ মার্কা প্রতীকের স্বতন্ত্র প্রার্থী কেন্দ্রীয় আওয়ামী লীগের অর্থ ও পরিকল্পনা বিষয়ক উপকমিটির সদস্য দৈনিক গড়ব বাংলাদেশ পত্রিকার সম্পাদক ও প্রকাশক আলহাজ্ব এম.এ রাজ্জাক খান রাজ সিআইপি।

এ সময় জনসভায় চুয়াডাঙ্গা-১ আসনের বিভিন্ন স্থান থেকে হাজার হাজার মানুষ গণজমায়েতে সৃষ্টি করে।

জনসভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক আহ্বায়ক ও সাবেক পৌর মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপু,চুয়াডাঙ্গা-১ আসনের স্বতন্ত্র প্রার্থী আলহাজ্ব এম.এ রাজ্জাক খান রাজের পত্নী দিলরুবা তনু স্বাগত বক্তব্য বলেন আপনারা আর কত অবহেলিত থাকবেন, ঘুড়ে দাড়ানোর সময় এসেছে চুয়াডাঙ্গার জনগণের। আগামী ৭ জানুয়ারি আপনারা আপনাদের ভাগ্যোর পরিবর্তন করুন, ন্যায় ইনসাফ শান্তি শিক্ষা ও আধুনিক জেলা গঠনে ফ্রিজ মার্কায় ভোট দিন।

বিশেষ অতিথি চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক আহ্বায়ক ওবাইদুর রহমান চৌধুরী জিপু বলেন, আমরা কোন প্রতিপক্ষ কে ভয় পায় না আমার নির্বাচনের সময় আমাকে দুইবার গুলি করে মেরে ফেলার চেষ্টা করা হয়েছিলো। তারপরেও আপনাদের দোয়া ও ভালোবাসায় বেঁচে আছি, আপনাদের সমর্থন নিয়ে পাঁচ বছর পৌর বাসীর সেবা করেছি।

তিনি আরো বলেন আমাদের প্রার্থী আলহাজ্ব এম.এ রাজ্জাক খান রাজ একজন সং নির্ভীক ও ধর্ম পরায়ন ব্যাক্তি, সুতরাং আগামী ৭ জানুয়ারি ফ্রিজ মার্কায় ভোট দিয়ে যোগ্য প্রার্থী আলহাজ্ব রাজ্জাক খানকে জয়যুক্ত করুন, এ সময়, হাজার হাজার নেতাকর্মী ও সমর্থকদের

বাঁধভাঙ্গা উল্লাসে প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা-১ আসনের স্বতন্ত্র প্রার্থী আলহাজ্ব এম.এ রাজ্জাক খান রাজ বলেন আজকের জনসমাবেশে দেখে আনন্দিত ও উচ্ছাছিত আপনাদের দোয়া ও ভালোবাসায় আমি ও আমার পরিবার মুগ্ধ। বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছরেরও চুয়াডাঙ্গার দৃশ্যমান কোন উন্নয়ন হয়নি। এই জনপদের অবহেলিত মানুষ শিক্ষা স্বাস্থ্য ও কর্মসংস্থানের রাষ্ট্রিয় সুযোগ থেকে বঞ্চিত মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা দলীয় প্রার্থীর পাশাপাশি স্বতন্ত্র প্রার্থীদের ভোট করার নির্দেশনা দিয়েছেন, যাতে এলাকার জনপ্রিয় রাজনৈতিক নেতৃবৃন্দ জনগণের ভোটে জাতীয় সংসদে আসতে পারেন ও জনগণের সেবা করতে পারেন। ত্রিশ লক্ষ শহীদের রক্তের বিনিময়ে পাওয়া এই স্বাধীন রাষ্ট্রকে স্মার্ট রাষ্ট্র তৈরি করার এ প্রত্যয় আজ ও আগামীর প্রজন্মের জন্য এই প্রত্যায় চুয়াডাঙ্গা জেলাকে স্মার্ট ও আধুনিক জেলায় রূপান্তর করতে হলে প্রয়োজন বিশ্বমানের একটি হাসপাতাল। এলাকার কৃষি ও কৃষকের ভাগ্যর পরিবর্তনের জন্য প্রয়োজন কৃষির আধুনিকীকরণ ও একটি কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করন। পাশাপাশি বেকারদের কর্মসংস্থানের জন্য প্রয়োজন সময় উপযোগী শিল্প অঞ্চল গড়ে তুলা। যা আমি আমার নির্বাচনের ইশতেহারে রেখেছি। আমি আশা করি আল্লাহর অশেষ রহমত ও আপনাদের দোয়া ও ভালোবাসায় আগামী ৭ জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আপনাদের সমর্থন ও ভোটে জয়যুক্ত হয়ে এই এলাকার অধিকার বঞ্চিত মানুষের পাশে থাকবো এবং সেবার মহিমায় সকলকে নিয়ে একটি সুখী সমৃদ্ধশালী জেলায় রূপান্তর করবো এই কারনে শেষ বারের মতো আপনাদের দোয়া ও সমর্থন চাচ্ছি এবং আমার প্রতীক ফ্রিজ মার্কায় ভোট প্রদানের আহ্বান জানাচ্ছি।

এ সময় উপস্থিত ছিলেন রাজ্জাক খানের পত্নী দিলরুবা তনু ও পুত্র আল-আকসা তানজিম খান, চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি সৈয়দ ফরিদ আহমেদ, সাধারণ সম্পাদক হাফিজুর রহমান হাফিজ, আলমডাঙ্গা

উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাড়াদী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মনিরুজ্জামান মনি, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি ও জেলা যুবলীগের সদস্য শরিফ হোসেন দুদু, জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জানিফ, জাকির হোসেন জ্যাকি, স্বেচ্ছাসেবক লীগের চুয়াডাঙ্গা সদর শাখার সভাপতি জুয়েল রানা, সাধারণ সম্পাদক ও পৌর কাউন্সিলর মাফিজুর রহমান মাফি, মুফতি আব্দুল্লাহ, জেলা পরিষদ সদস্য মিজানুর রহমান জান্টু, টিটু আহমেদ আবুল কালাম, নুরুল ইসলাম, মস্তফা খান, রবজেল আলী, ফয়ছাল, বাদশা, টুটুল, উজ্জল বিশ্বাস, মিলন, ফারুখ, সোহেল, সাজ্জাত, শুকুর আলী, জিহাদ, শেখ গোলাম মস্তফা শওকত, বীর মুক্তিযোদ্ধা হাফিজুর রহমান, প্রমুখ।

পিরোজপুর ইউনিয়নে প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের পথসভা

মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতিকের পথসভা অনুষ্ঠিত হয়।

আজ মঙ্গলবার বিকেলে মেহেরপুরের পিরোজপুর ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতিকের পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নান।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান (ছোট), বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা

পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক মোখলেসুর রহমান খোকন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানব বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মেহেরপুর শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট আ খ ম হারুন ইমতিয়াজ বিন জুয়েল, মেহেরপুর পৌর আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আক্কাস আলী, জাতীয় শ্রমিকলীগ মেহেরপুর জেলা শাখার সাধারন সম্পাদক মুস্তাফিজুর রহমান বাবুল, মেহেরপুর জেলা যুবলীগের সাবেক সভাপতি টনিক বিশ্বাস, মেহেরপুর জেলা তাঁতীলিগের সভাপতি সুবাদ আলী, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সম্পাদক জুয়েল রানা সহ আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

নৌকার বিজয় হলে গাংনী হবে স্মার্ট গাংনী–নাজমুল হক সাগর

মেহেরপুরের-২ (গাংনী) আসনের নৌকার প্রার্থী ডাঃ এ এস এম সাগরের নির্বাচনী পথসভার আলোচনা সভায় নেমেছে জনতার ঢল ।

আজ মঙ্গলবার বিকেলে বামুন্দী মাধ্যমিক বিদ্যালয় মাঠে নির্বাচনী পথসভা শেষে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন ডাক্তার নাজমুল হক সাগর।

এসময় আওয়ামীলীগ মনোনীত গাংনী আসনের নৌকার প্রার্থী ডাক্তার নাজমুল হক সাগর বলেন, গাংনী আসনে নৌকার গণজোয়ার উঠেছে। জনস্রোত দেখে মনে হয়েছে বামুন্দি ইউনিয়ন নৌকার ঘাটি,আওয়ামীলীগের ঘাটি। এবার নৌকার বিজয় হলে গাংনী হবে স্মার্ট গাংনী। গাংনীর প্রতিটি উইনিয়ন হবে স্মার্ট ইউনিয়ন। গাংনীর প্রতিটি মানুষের জন্য দেয়া হবে উন্নত চিকিৎসা সেবা। আগামী ৭

জানুয়ারি নৌকার বিজয়ে সকলকে নৌকা মার্কায় ভোট প্রার্থনা করেন তিনি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বামুন্দী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, জেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক এ্যাডভোকেট শফিকুল আলম, গাংনী পৌরসভার মেয়র আহমেদ আলী, বাংলাদেশ ওয়ার্কার্স পার্টির পলিট ব্যুরো সদস্য কমরেড নুর আহমেদ বকুল প্রমুখ।

সাবেক মেয়র ও যুবলীগ নেতা আশরাফুল ইসলাম, গাংনী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এ্যাডভোকেট রাশেদুল হক জুয়েল, বামুন্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবাইদুর রহমান কমল,মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস,গাংনী পৌর আওয়ামীলীগ সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু,প্রমুখ।

গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলামের সঞ্চালিত আলোচনা সভায় বক্তারা নৌকা মার্কায় ভোট দিয়ে দেশের চলমান উন্নয়ন আরও গতিশীল করার আহবান জামান গাংনীবাসীর সেবা করার সুযোগ চান।

আলমডাঙ্গায় নৌকার নির্বাচনী জনসভা সফলের লক্ষে মতবিনিময়

চুয়াডাঙ্গা-১ আসনের আওয়ামী লীগের মনোনীত নৌকা প্রতিকের প্রার্থী জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপির আলমডাঙ্গায় নির্বাচনী জনসভা সফল করার লক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আগামি ৪ জানুয়ারী বৃহস্পতিবার এ টিম ফুটবলে মাঠে এ নির্বাচনি জনসভার লক্ষে আজ মঙ্গলবার সকাল ১১ টার দিকে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে অনুষ্ঠিত এ প্রস্তুতি সভায় উপজেলা ও পৌর এবং ইউনিয়ন আওয়ামীলীগসহ তার সহযোগি সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

নির্বাচনী জনসভা সফলের লক্ষে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা ও নৌকার প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

প্রধান অতিথির বক্তব্যে ছেলুন জোয়ার্দ্দার বলেন,দলের সভানেত্রী শেখ হাসিনা আমাকে নৌকা প্রতিক দিয়েছেন। নৌকা প্রতিককে বিজয়ী করার লক্ষে আপনারা ঐক্যবদ্ধ ভাবে কাজ করেন । নিজেদের মধ্যে কোন বিভেদ সৃষ্টি করবেন। আগামী ৪ জানুয়ারীর নির্বাচনী জনসভা সফল করার জন্য সবাই ঐক্যবদ্ধভাবে কাজ করেন। যারা প্রকৃত আওয়ামীলীগ করেন আমি বিশ্বাস করি তারা অবশ্যই নৌকায় ভোট দেবে।

প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি খোস্তার জামিল, প্রশান্ত অধিকারী,সাবেক সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খাঁন,বাংলাদেশ কৃষকলীগের কেন্দ্রীয় কমিটির সাংগাঠনিক সম্পাদক অধ্যাপক নাজমুল হক পানু, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, জেলা জাসদের সভাপতি ও পৌর মেয়র এম.সবেদ আলী, সাবেক নির্বাহী সদস্য শাহ আলম, হারদী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান নুরুল ইসলাম,উপজেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা। আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টারের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন,আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন, সাবেক উপজেলা আওয়ামীলীগ নেতা, ঠান্ডু মিয়া, সাবেক পৌর সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, উপজেলা কৃষকলীগের সভাপতি এম আজিজুল হক, পৌর আওয়ামীলীগের সহ-সভাপতি আমিনুল ইসলাম অপু মোল্লা, সাবেক সাংগাঠনিক সম্পাদক আলম হোসেন,সাবেক উপ- প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, ইউপি চেয়ারম্যান ও হারদী ইউনিয়ন সভাপতি আশিকুর রহমান ওল্টু,কালিদাসপুর ইউপি চেয়ারম্যান আশাদুল হক মিকা, মুন্সি ইমদাদুল হক,ডাউকি ইউপি চেয়ারম্যান তরিকুল ইসলাম, চেয়ারম্যান হাসানুজ্জামান সরোয়ার, মোজাহিদুর রহমান জোয়ার্দার লোটাস, এজাজ ইমতিয়াজ বিপুল জোয়ার্দ্দার, মাহমুদুল হাসান চঞ্চল, সোহানুর রহমান সোহান, বাড়াদী ইউনিয়ন সভাপতি মকবুল হোসেন,

সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম লাল্টু, জামজামি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা দিদার আলী, সম্পাদক রাহাব আলী, কালিদাশপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি জয়নাল আবেদীন, জেহালার সভাপতি হাসানুজ্জামান হান্নান, সম্পাদক আব্দুল হান্নান মাষ্টার, খাসকররা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাফিজুর রহমান রুন্নু, সম্পাদক বিল্লাল হোসেন, কুমারি ইউনিয়ন সভাপতি ও চেয়ারম্যান আবু সাইদ পিন্টু, উপজেলা যুবলীগের আহবায়ক সোনাহার মন্ডল, সদস্য মনিরুজ্জামান হিটু, পৌর যুবলীগের সভাপতি আসাদুল হক ডিটু,ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক গোলাম সারোয়ার সামিম, আলমডাঙ্গা সরকারি কলেজের সাবেক সভাপতি আশরাফুল ইসলাম, ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল হুসাইন বাদশা, সাকিব, অটল, রকি, প্রমুখ।